ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২০৫৫</u>
আগরতলা,৩১ জুলাই,২০২৫

## প্রধান সমাজপতিদের সুবিধা প্রদানের জন্য রাজ্য মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ সংশোধনীর অনুমোদন

রাজ্য মন্ত্রিসভার এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে আজ জনজাতি সমাজপতিদের মাসিক সাম্মানিক ভাতা ২,০০০ টাকা থেকে বাড়িয়ে ৫,০০০ টাকা করা হয়েছে। এছাড়াও সমাজপতিদের মাসিক সাম্মানিক ভাতা প্রদানের জন্য যে নীতি রয়েছে তার সংশোধনীর অনুমোদন দেওয়া হয়েছে। নতুন সংশোধনী অনুসারে তাঁদের মধ্যে যারা চাকরিজীবী ও পেনশনার রয়েছেন তাঁরাও উপকৃত হবেন। এই পদক্ষেপ রাজ্যের জনজাতি সম্প্রদায়ের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং সামাজিক মূল্যবোধ সংরক্ষণে প্রধান সমাজপতিদের গুরুত্বপূর্ণ ভূমিকার প্রতি এক অনন্য স্বীকৃতি।

*****